

৫. ইতিহাসের যে সময়কে হাসান আজিজুল হক ‘নামহীন গোত্রহীন’
গল্পে তুলে ধরেছেন, তার সাপেক্ষে গল্পকারের শিল্পিমানসের পরিচয়
দাও।

১০

অথবা

৬. ‘সুন্দর’ গল্পে বিপ্রদাশ বড়ো ‘জন্মান্তরে’র যে প্রসঙ্গ উত্থাপন করেছেন
তার সাপেক্ষে সুন্দরের মৃত্যুকে কি পড়া যায়? যুক্তিসহ তোমার
মতামত দাও।

১০

৭. গোড়ায় নাম ছিল “‘চিলেকোঠায়”। পরে সে নাম বদলে হয়েছে
‘চিলেকোঠার সেপাই’। উপন্যাসের এই নতুন নাম উপন্যাসটির
ভাববস্তুর সঙ্গে কি বেশি সঙ্গতিপূর্ণ বলে তোমার মনে হয়? যুক্তিসহ
বুবিয়ে দাও।

১০

অথবা

৮. ‘চিলেকোঠার সেপাই’ উপন্যাসে ওসমান চরিত্রটি ক্রমশই স্বাভাবিক
অবস্থা থেকে এক অপ্রকৃতিস্থ মানসিক অবস্থায় যেভাবে উপনীত হয়
কাহিনি বয়ানে তার গুরুত্ব নিয়ে আলোচনা করো।

১০

 X

স্নাতকোত্তর অন্ত্য সেমেষ্টার পরীক্ষা, ২০১৯**(ঘূর্ণীয় বর্ষ, তৃতীয় সেমেষ্টার)****বিভাগ বাংলা****বাংলাদেশের সাহিত্য****কোর্স পি.জি. - ৩.৪****সময় ২ ঘণ্টা****পূর্ণমান ৩০****যে কোনও তিনটি প্রশ্নের উত্তর দাও।**

১. বাংলাদেশে বাঙালির সমাজ, সাংস্কৃতিক-এতিহ্য ও সাহিত্যের মধ্যে
থেকে বাঙালির আত্মপরিচয়ের যে সূত্রগুলি খুঁজে পাওয়া যায় –
তার পরিচয় দাও।

১০

অথবা

২. বৃহত্তর বাংলাদেশে রবীন্দ্রনাথ কীভাবে বাঙালি জাতিসন্তানের প্রতীক
হয়ে উঠেছিলেন – আলোচনা করো।

১০

৩. বাঙালির ‘আত্মপরিচয়’ ও নিজস্ব একটি ‘দেশ’-এর ধারণা, কীভাবে
বাংলাদেশের কবিতায় ধরা পড়েছে, আলোচনা করো।

১০

অথবা

৪. শামসুর রহমানের কবিতায় ‘একুশের চেতনা’ কীভাবে মূর্ত হয়ে
উঠেছে তা আলোচনা করো।

১০